FSCS (এফএস্‌সিএস্‌) কি?

FSCS হলো ইউকে বা যুক্তরাজ্যের অনুমোদিত আর্থিক সহায়তাদানকারী সংস্থাগুলির কাস্টমার বা খরিদ্দারদের আর্থিক ক্ষতির প্রতিকারস্বরূপ ক্ষতিপূরণ লাভের চূড়ান্ত বা সর্বশেষ তহবিল। কোন সংস্থা যদি তার বিরুদ্ধে পেশ করা দাবি অনুযায়ী অর্থ পরিশোধ করায় অক্ষম হয়, অথবা তার অক্ষম হওয়ার সম্ভাবনা থাকে, তাহলে আমরা ক্ষতিপূরণ প্রদান করতে পারি। এটা সাধারণতঃ করা হয় এই জন্য যে ঐ সংস্থা হয় ব্যবসা বন্ধ করে দিয়েছে কিংবা in default বা দায় পূরণ করায় অক্ষম ঘোষিত হয়েছে।

নিরপেক্ষ এবং স্বাধীন

আমরা সরকারের এবং অর্থসংস্থান শিল্পের প্রভাবমুক্ত, এবং আমাদের সংগঠিত করা হয়েছে ফাইন্যান্সিয়াল সার্ভিসেস্‌ অ্যান্ড মার্কেটস্‌ অ্যাক্ট 2000 অনুসারে, এবং 1 ডিসেম্বার 2001 তারিখ থেকে আমরা কাজ শুরু করেছি (যদিও এই তারিখের আগে পেশ করা দাবিও আমরা বিবেচনা করে থাকি)। আমাদের সেবা ব্যবহার করার জন্য ব্যক্তিগত খরিদ্দারদের কোন খরচ দিতে হয় না।

আমাদের কাজকর্মের মধ্যে কি কি আছে

ইউকে-তে অর্থসংস্থানকারী সেবাগুলিকে নিয়ন্ত্রণ করার এবং তাদের খরিদ্দারদের অধিকারসমূহকে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে সরকারের দ্বারা স্থাপিত স্বাধীন নজরদারি কর্তৃপক্ষ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস্‌ অথরিটী (FSA) কর্তৃক অনুমোদিত বিভিন্ন সংস্থার ব্যবসা FSCS'এর এক্তিয়ারের মধ্যে পড়ে। যে'সব ইয়োরোপীয়ান সংস্থা (তাদের নিজেদের দেশের নিয়ন্ত্রকের দ্বারা অনুমোদিত) ইউকে-তে কাজ করে তারাও এর এক্তিয়ারের মধ্যে আসতে পারে।

আমরা এইসবের সুরক্ষাবিধান করি :

- জমা দেওয়া টাকা,
- ইনসিওর‍্যান্স বা বীমার পলিসী,
- ইনসিওর‍্যান্স কেনাবেচা (14 জানুয়ারী 2005 তারিখের বা তার পরের ব্যবসার জন্য), যার মধ্যে আছে ট্রাভেল ইনসিওর‍্যান্স বা ভ্রমণ বীমা যেখানে কোন ছুটি কাটানোর বা তার সঙ্গে সম্পর্কিত অন্যান্য ভ্রমণের পরিকল্পনার সাথে পলিসী বিক্রী করা হচ্ছে (যেমন কোন ভ্রমণ সংস্থা ও ছুটি কাটানোর ব্যবস্থা সরবরাহকারীদের দ্বারা) (1 জানুয়ারী 2009 তারিখের বা তার পরের ব্যবসার জন্য),
- ইনভেস্টমেন্ট বা বিনিয়োগের ব্যবসা, এবং
- হোম ফাইন্যান্স বা ঘরবাড়ি কেনার জন্য অর্থসংস্থান (31 অক্টোবার 2004 তারিখের বা তার পরের ব্যবসার জন্য)।

এইভাবে প্রদত্ত সুরক্ষার কোন উর্ধসীমা নেই

চূড়ান্ত তহবিল হিসাবে FSCS যা করতে পারে তার, এবং এই কর্মসূচি যে ক্ষতিপূরণ দিতে পারে তার পরিমাণের কিছু limits বা উর্ধসীমা আছে। যে'সব ধরনের সুরক্ষা FSCS প্রদান করতে পারে তাদের বিবরণ আমাদের নিয়মকানুনে বর্ণনা করা আছে। এগুলি FSA Handbook of rules and guidance, বা FSA নিয়মকানুন ও নির্দেশিকা পুস্তিকার অংশ এবং এগুলি পাওয়া যেতে পারে Redress, Compensation (প্রতিকার, ক্ষতিপূরণ) এই শিরোনামে।

যোগ্যতামান নির্ধারণকারী নিয়কানুন

ক্ষতিপূরণ লাভ করার যোগ্য হওয়ার জন্য আমাদের নিয়মকানুন অনুযায়ী আপনার যোগ্যতা থাকতে হবে। এইসব নিয়মকানুন FSA Handbook বা FSA নির্দেশ পুস্তিকায় বর্ণনা করা আছে, এবং Redress, Compensation (প্রতিকার, ক্ষতিপূরণ) এই শিরোনামে এগুলি পাওয়া যেতে পারে।

যে'সব দাবি ক্ষতিপূরণ লাভ করার যোগ্য তাদের বিস্তারিত বিবরণ এবং কি পরিমাণ ক্ষতিপূরণ প্রদানের অনুমতি আমাদের আছে (how much compensation we are allowed to pay) তা এদের মধ্যে বর্ণনা করা আছে। আমাদের সব সময়েই এইসব নিয়ম মেনে চলতে হয়।

- আমরা একমাত্র তখনই ক্ষতিপূরণ দিতে পারি যখন একটা অনুমোদিক সংস্থা in default বা দায় পূরণ করায় অক্ষম। পরিস্থিতি ঠিক তাই কি না তা স্থির করার জন্য আমরা তদন্ত করে দেখবো।

- একমাত্র আর্থিক ক্ষতির জন্যই আমরা ক্ষতিপূরণ দিতে পারি এবং আমাদের দেয় ক্ষতিপূরণের কিছু উর্ধসীমা (limits to the amounts of compensation we can pay) আছে।

- প্রধানতঃ ব্যক্তিবিশেষদের সহায়তা দেওয়ার জন্যই FSCS স্থাপিত হয়েছিল, যদিও অবশ্য তুলনামূলকভাবে ছোট ব্যবসাগুলিও এর আওতায় পড়ে।

- বড় ব্যবসাগুলি সাধারণতঃ বাদ দেওয়া হয়, যদিও জমা দেওয়া টাকার এবং বীমার দাবির ব্যাপারে কিছু ব্যতিক্রম আছে।

আমাদের ক্ষতিপূরণ প্রদানের উর্ধসীমাসমূহ

ক্ষতিপূরণের উর্ধসীমাসমূহ

যে ক্ষতিপূরণ আপনি পবেন তার প্রকৃত স্তর নির্ভর করবে আপনার দাবির ভিত্তির উপরে। FSCS কেবলমাত্র আর্থিক ক্ষতির খাতে ক্ষতিপূরণ দিয়ে থাকে। ক্ষতিপূরণের সীমা প্রতি ব্যক্তিপিছু (প্রতি সংস্থার এবং দাবির ধরন অনুযায়ী) নির্ধারিত হয়।

FSCS কার্যকর হওয়ার আগেই (1 ডিসেম্বর 2001 তারিখে) যে বীমাকারী বা ব্যাংক দেউলিয়া ঘোষিত হয়েছে তার বিরুদ্ধে, অথবা FSCS কার্যকর হওয়ার আগেই যে বিনিয়োগ সংস্থা দায় পূরণ করায় অক্ষম ঘোষিত হয়েছে তার বিরুদ্ধে আপনার কোন দাবি থাকলে সামান্য ভিন্ন ধরনের সীমা ও নিয়মকানুন প্রয়োজ্য হবে।

ক্ষতিপূরণের সর্বাধিক স্তরগুলি হলো :

- **জমার পরিমাণ : £85,000** প্রতি ব্যক্তি প্রতি সংস্থাপিছু (31 ডিসেম্বার 2010 তারিখ থেকে দায় পূরণ করায় অক্ষম ঘোষিত সংস্থাগুলির বিরুদ্ধে দাবির ক্ষেত্রে)।

  £85,000 পাউন্ডের 100%।

আরো বিস্তারিত বিবরণের জন্য আমাদের Deposit Limits পাতা দেখুন।

- **বিনিয়োগের পরিমাণ : £50,000** প্রতি ব্যক্তি প্রতি সংস্থাপিছু (1 জানুয়ারী 2010 তারিখ থেকে দায় পূরণ করায় অক্ষম ঘোষিত সংস্থাগুলির বিরুদ্ধে দাবির ক্ষেত্রে)।

  প্রথম £50,000 পাউন্ডের 100%।

আরো বিস্তারিত বিবরণের জন্য আমাদের Investment Limits পাতা দেখুন।

- **হোম ফাইন্যান্স (যেমন মর্টগেইজ সম্পর্কে পরামর্শ ও তা পাওয়ার ব্যবস্থা করে দেওয়া) : £50,000** প্রতি ব্যক্তি প্রতি সংস্থাপিছু (1 জানুয়ারী 2010 তারিখ থেকে দায় পূরণ করায় অক্ষম ঘোষিত সংস্থাগুলির বিরুদ্ধে দাবির ক্ষেত্রে)।

  প্রথম £50,000 পাউন্ডের 100%।

আরো বিস্তারিত বিবরণের জন্য আমাদের Home Finance Limits পাতা দেখুন।

- **ইনসিওর‍্যান্স ব্যবসা : কোন সীমা নেই।**

  কোন উর্ধসীমা ছাড়া দাবির 90%।

আরো বিস্তারিত বিবরণের জন্য আমাদের Insurance Limits পাতা দেখুন।

- **সাধারণ ইনসিওর‍্যান্স ব্যবসা এবং তার ব্যবস্থা করে দেওয়া : কোন সীমা নেই** (14 জানুয়ারী 2005 তারিখের বা তার পরের ব্যবসার জন্য)

  কোন উর্ধসীমা ছাড়া দাবির 90%। বাধ্যতামূলক ইনসিওর‍্যান্স সম্পূর্ণভাবে সুরক্ষিত।

আরো বিস্তারিত বিবরণের জন্য আমাদের Insurance Limits পাতা দেখুন।